গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ২০৩/২০১৮-২০১৯
ঢাকা, রোববার ২৮ এপ্রিল ২০১৯, ১৫ বৈশাখ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। রাষ্ট্রপতির সঙ্গে প্রধানমন্ত্রীর সৌজন্য সাক্ষাৎ
২। সন্ত্রাস-জঙ্গিবাদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়ে তুলুন : প্রধানমন্ত্রী
৩। পাকিস্তানের বর্বরতার চিত্র বিশ্ববাসীর কাছে তুলে ধরতে চাই : মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী
৪ । দানাদার খাদ্য উৎপাদনে দেশ স্বয়ংসম্পূর্ণ : কৃষিমন্ত্রী
৫। পাঠ্যপুস্তকে ভুল সংশোধনের কাজ চলছে : চাঁদপুরে শিক্ষামন্ত্রী
৬। আগামী ৭ বছরের মধ্যে গঙ্গার পানি বণ্টন চুক্তি নবায়ন করতে হবে : পররাষ্ট্রমন্ত্রী
৭। উন্নয়ন, আধুনিকায়ন ও দারিদ্র্য দূর করতে সরকার কাজ করছে : পরিকল্পনামন্ত্রী
৮। উন্নত জীবনের জন্য সুস্বাস্থ্য ও লেখাপড়ার বিকল্প নেই : মানিকগঞ্জে স্বাস্থ্যমন্ত্রী
৯। দূষণরোধে কর্মকর্তাদের আরও কঠোর হতে হবে : চট্টগ্রামে পরিবেশমন্ত্রী
১০। চট্টগ্রাম বন্দরের সক্ষমতা বাড়াতে কাজ করছে সরকার : ভূমিমন্ত্রী
১১। বিজ্ঞানমনস্ক জাতি গঠনে কাজ করছে সরকার : বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী
১২। পেশায় টিকে থাকার জন্য ডিজিটাল দক্ষতা থাকতে হবে : তথ্যপ্রযুক্তিমন্ত্রী
১৩। এবার সেইফটি পুরস্কার পাচ্ছে ২৪ কারখানা : শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী
১৪। নৌবাহিনীর বহরে নতুন দু'টি যুদ্ধজাহাজ
১৫। আইএস হুমকির সত্যতা যাচাই করছে সিটিটিসি
১৬। আইনগত সহায়তা দিবস আজ
আজ দিবসের কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী
১৭। আজ জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস

চলমান পাতা-২

১। **রাষ্ট্রপতির সঙ্গে প্রধানমন্ত্রীর সৌজন্য সাক্ষাৎ**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (২৭ এপ্রিল শনিবার) প্রধানমন্ত্রী বঙ্গভবনে যান। এ সময় প্রধানমন্ত্রী তাঁর সাম্প্রতিক ব্রুনাই সফরের বিভিন্ন দিক সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন। রাষ্ট্রপতি আশা প্রকাশ করেন, এ সফরের মাধ্যমে ব্রুনাইয়ের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক আরও জোরদার হবে এবং বাণিজ্য-বিনিয়োগসহ বিভিন্ন খাতে পারস্পরিক সহযোগিতার ক্ষেত্র আরও সম্প্রসারিত হবে। সাক্ষাতে প্রধানমন্ত্রী সরকারের বিভিন্ন কর্মকাণ্ড সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন। এছাড়া রাষ্ট্র ও সরকারপ্রধান পারস্পরিক কুশল বিনিময় করেন। সূত্র : **সমকাল** (পৃ.২,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৩), **অবজারভার** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

২। **সন্ত্রাস-জঙ্গিবাদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়ে তুলুন : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সন্ত্রাস-জঙ্গিবাদ ও মাদকের ছোবল থেকে দেশকে রক্ষায় সকলের সহযোগিতা কামনা করে বলেছেন, এগুলো সমাজের ক্ষত। সকলের কাছে অনুরোধ থাকবে ঐক্যবদ্ধ হয়ে এগুলোর বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলুন। এ ব্যাপারে সবাইকে সচেতন হতে হবে। গতকাল (২৭ এপ্রিল শনিবার) বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে বঙ্গবন্ধু আন্তঃবিশ্ববিদ্যালয় স্পোর্টস চ্যাম্পিয়নশিপ ২০১৯-এর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, পঁচাত্তরে জাতির পিতাকে হারানোর পর যে মর্যাদা হারিয়েছিলাম, সেটা ফিরে পেয়েছি। বাংলাদেশের অগ্রযাত্রা অব্যাহত থাকবে। বিশ্বে বাংলাদেশ মাথা উঁচু করে দাঁড়াবে। খেলাধুলায় আরো বেশি উৎকর্ষতা অর্জন হোক, সেটাই আমি চাই। এজন্য যা যা করণীয় আমরা সরকারের পক্ষ থেকে তা করবো। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৩। **পাকিস্তানের ববর্রতার চিত্র বিশ্ববাসীর কাছে তুলে ধরতে চাই : মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী**

মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক বলেছেন, আমাদের সামাজিক অবস্থানের কারণে একাত্তরে নির্যাতিত মা-বোনরা তাদের মহান ত্যাগের কথাও বলতে পারছেন না। তবে এখন বেশকিছু লেখনীর মাধ্যমে এসব বিষয় উঠে আসছে। যারা এসব তুলে ধরছেন, তারা অবশ্যই ধন্যবাদ পাওয়ার যোগ্য। এসব জঘন্য ঘটনার বিষয়ে বিশ্ববাসীসহ সবারই অবগত হওয়া প্রয়োজন। আমরা গবেষণা করার চেষ্টা করছি। পাকিস্তানি হায়েনাদের বর্বরতার চিত্র বিশ্ববাসীর কাছে তুলে ধরতে চাই। গতকাল (২৭ এপ্রিল শনিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) লেকচার থিয়েটার ভবনের আর সি মজুমদার মিলনায়তনে কথাসাহিত্যিক সোফিয়া হোসেন রচিত 'বীর বীরাঙ্গনা' উপন্যাসের প্রকাশনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.৫,ক.৫)।

৪ । **দানাদার খাদ্য উৎপাদনে দেশ স্বয়ংসম্পূর্ণ : কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক বলেছেন, দানাদার খাদ্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করেছে দেশ। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুদূরপ্রসারী চিন্তার ফলেই জনস্বাস্থ্য ও পুষ্টি উন্নয়নকে রাষ্ট্রের অন্যতম প্রাধিকার হিসেবে সংবিধানে উল্লেখ করা হয়েছে। তাঁর উদ্যোগেই কৃষি গবেষণার প্রায় সব বড় প্রতিষ্ঠান গড়ে ওঠে। বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সরকার মানুষের মৌলিক চাহিদা পূরণের জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে। গতকাল (২৭ এপ্রিল শনিবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে খাদ্য মন্ত্রণালয় আয়োজিত পুষ্টি অলিম্পিয়াড অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.৪,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

৫। **পাঠ্যপুস্তকে ভুল সংশোধনের কাজ চলছে : চাঁদপুরে শিক্ষামন্ত্রী**

পাঠ্যপুস্তক পর্যালোচনা করে ভুলত্রুটি সংশোধনের কাজ চলছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। তিনি গতকাল (২৭ এপ্রিল শনিবার) চাঁদপুর সদর উপজেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের নিয়ে মাসিক সাধারণ সভায় যোগদান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ মন্তব্য করেন। শিক্ষামন্ত্রী বলেন, পাঠ্যপুস্তকে কোথাও কোথাও অসঙ্গতি আছে, কিছু সমস্যা আছে, আমরা এ বছর সব পাঠ্যপুস্তক পর্যালোচনা করছি। সেখানে যে সমস্যা চিহ্নিত করতে পেরেছি সেগুলো সংশোধনের কাজ চলছে। এ সময় তিনি সাংবাদিকদেরও আহ্বান জানান পাঠ্যবইয়ে কোনো ভুল থাকলে তা ধরিয়ে দিতে। সূত্র : **সমকাল** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১৫,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.১), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪)।

৬। **আগামী ৭ বছরের মধ্যে গঙ্গার পানি বণ্টন চুক্তি নবায়ন করতে হবে : পররাষ্ট্রমন্ত্রী**

নদীর পানি বণ্টন বিষয়ে বাংলাদেশ এবং ভারতের মানসিক অবস্থা একই রকম। এ ইস্যুতে দুই দেশের মধ্যে কিছুটা দেন-দরবার চলছে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী একে আব্দুল মোমেন। গতকাল (২৭ এপ্রিল শনিবার) ঢাকায় ফরেন সার্ভিস একাডেমিতে পানি কূটনীতি বিষয়ক এক কর্মশালার উদ্বোধনের পর সাংবাদিকদের তিনি এ কথা বলেন। আগামী ৭ বছরের মধ্যে ভারতের সঙ্গে গঙ্গার পানি বণ্টন চুক্তি নবায়ন করতে হবে উল্লেখ করে তিনি বলেন, গঙ্গার পানি বণ্টন চুক্তি নবায়ন নিয়ে আবার আলোচনার সময় আসছে। মন্ত্রী আরো বলেন, বর্তমানে ভারত এবং বাংলাদেশের মধ্যে যে সম্পর্ক রয়েছে সেটি চলমান থাকলে ভালো। আমি যখন ভারতে গিয়েছিলাম তখন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজের সঙ্গে সাক্ষাৎ হয়। এসময় তারা বলেছেন বাকি নদীগুলোর সমস্যার বিষয়েও নীতিগতভাবে সম্মত এবং এটি এ অববাহিকার উপকারের জন্য হবে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.২), **জনকণ্ঠ** (পৃ.৪,ক.৭), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫), **অবজারভার** (শেষ পৃ,ক.৬)।

৭। **উন্নয়ন, আধুনিকায়ন ও দারিদ্র্য দূর করতে সরকার কাজ করছে : পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেছেন, উন্নয়ন, আধুনিকায়ন ও দারিদ্র্য দূর করতে সরকার কাজ করছে। অনেকেই বলছেন, বৈষম্য মাথাচাড়া দিয়ে উঠছে। তবে সবার আগে দারিদ্র্য দূর করতে হবে। তারপর বৈষম্য দূর করতে হবে। এসডিজি বাস্তবায়নে তথ্য ঘাটতির পাশাপাশি অর্থায়নেও সমস্যার কথায় মন্ত্রী বলেন, লক্ষ্য অর্জনে ২০৩০ সালের মধ্যে ৯২ হাজার ৮০০ কোটি ডলার বিনিয়োগ প্রয়োজন। গতকাল (২৭ এপ্রিল শনিবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে বাংলাদেশে এসডিজির চার বছর শীর্ষক দিনব্যাপী এক নাগরিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র : **সমকাল** (শেষ পৃ,ক.২), **সংবাদ** (পৃ.১৪,ক.১), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৫), **অবজারভার** বিজনেস পাতা (পৃ.১,ক.৫)।

৮। **উন্নত জীবনের জন্য সুস্বাস্থ্য ও লেখাপড়ার বিকল্প নেই : মানিকগঞ্জে স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী জাহিদ মালেক বলেছেন, জাতির পিতার বাংলাদেশ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশ গড়তে অবশ্যই একটা সুস্থ জাতি দরকার। জীবনে ভালো কিছু করতে দুটি জিনিসের প্রয়োজন। এক লেখাপড়া ও দুই সুস্থ শরীর। যারা সুস্থ না থাকে তাদের লেখাপড়া তো হবেই না, জীবনে কোনো আশাও পূরণ করতে পারবে না। কাজেই যারা শিক্ষার্থী, তাদের লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা করতে হবে। যারা মেধাবী ও শারীরিকভাবে সুস্থ তারাই দেশ গড়বে। উন্নত জীবনের জন্য লেখাপড়ার বিকল্প নেই। গতকাল (২৭ এপ্রিল শনিবার) মানিকগঞ্জে বিকেজি উচ্চ বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.১)।

৯। **দূষণরোধে কর্মকর্তাদের আরও কঠোর হতে হবে : চট্টগ্রামে পরিবেশমন্ত্রী**

চট্টগ্রামে এসে পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তাদের সতর্ক করলেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনমন্ত্রী মো. শাহাব উদ্দিন। গতকাল (২৭ এপ্রিল শনিবার) চট্টগ্রাম পরিবেশ অধিদপ্তরের নবনির্মিত গবেষণাগার পরিদর্শন শেষে মতবিনিময় সভায় পরিবেশ দূষণরোধে তাদের আরও কঠোর হতে বলেন তিনি। মন্ত্রী কর্মকর্তাদের উদ্দেশে বলেন, চট্টগ্রামে রয়েছে দেশের সমৃদ্ধশালী গবেষণাগার। এর আওতায় এ বিভাগের সব জেলার বিদ্যমান পরিবেশ দূষণকারী শিল্প-কারখানার বায়ু, শব্দ এবং তরল বর্জ্যের মান যাচাই করা হয়। তবে সমৃদ্ধ গবেষণাগার থাকলেও আপনাদের অফিসে বসে থাকলে হবে না। বিভিন্ন কারখানা পরিদর্শন করতে হবে। যারা পরিবেশ দূষণ করছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে। তিনি আরও বলেন, ইটভাটার জন্য নতুন আইন হচ্ছে। যারা এখনও সনাতন পদ্ধতিতে ইট পোড়াচ্ছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে। ইটভাটা মালিকদের বিরুদ্ধে শুধু মামলা দিলে হবে না, কার্যকরী ব্যবস্থা নিতে হবে। সূত্র : **সমকাল** (পৃ.৪,ক.৪), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

১০। **চট্টগ্রাম বন্দরের সক্ষমতা বাড়াতে কাজ করছে সরকার : ভূমিমন্ত্রী**

ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী বলেছেন, সরকার বন্দরের সক্ষমতা বাড়াতে সুনির্দিষ্ট পরিকল্পনা নিয়ে কাজ করছে। বে-টার্মিনাল, লালদিয়া টার্মিনাল, পতেঙ্গা টার্মিনালসহ বাস্তবায়নাধীন প্রকল্পগুলোর কাজ শেষ হলে ব্যবসায়ীরা এখন পণ্য হ্যান্ডলিং নিয়ে যে অভিযোগ করছেন তা আর করতে পারবেন না। তখন বন্দরের সক্ষমতা বাড়বে কয়েকগুণ। ১৩২তম চট্টগ্রাম বন্দর দিবস উপলক্ষে চট্টগ্রাম বন্দর প্রশিক্ষণ ইন্সটিটিউটে গতকাল (২৭ এপ্রিল শনিবার) মুক্তিযোদ্ধা ও শহীদ পরিবারের দেড়শ' সদস্যকে দেওয়া এক সংবর্ধনা সভায় প্রধান অতিথি বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৩)।

১১। **বিজ্ঞানমনস্ক জাতি গঠনে কাজ করছে সরকার : বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী**

স্থপতি ইয়াফেস ওসমান বলেছেন, বিজ্ঞানমনস্ক জাতি গঠনে সরকার নিরলসভাবে কাজ করছে। তিনি বলেন, বিজ্ঞানকে বাদ দিয়ে কোনো জাতি এগিয়ে যেতে পারবে না। বিজ্ঞানে যে জাতি বেশি ভালো, সে জাতি ততো বেশি উন্নত। গতকাল (২৭ এপ্রিল শনিবার) রাজধানীর এশিয়া প্যাসিফিক বিশ্ববিদ্যালয়ে শিশু-কিশোর বিজ্ঞান কংগ্রেস-২০১৯ এর সমাপনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৬)।

**১২। পেশায় টিকে থাকার জন্য ডিজিটাল দক্ষতা থাকতে হবে : তথ্যপ্রযুক্তিমন্ত্রী**

তরুণদের উদ্দেশ্য করে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তিমন্ত্রী মোস্তফা জব্বার বলেছেন, বর্তমানে চাকরির যেসব ক্ষেত্র রয়েছে ভবিষ্যতে তার ৮০ ভাগ বিলুপ্ত হয়ে যাবে। সুতরাং পেশায় দিকে থাকতে হলে এবং উন্নত করতে হলে ডিজিটাল দক্ষতা থাকতে হবে। এতদিন শক্তিটা কায়িক শ্রমের ওপর নির্ভর থাকলেও তা এখন মেধার ওপর নির্ভরশীল। গতকাল (২৭ এপ্রিল শনিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদ মিলনায়তনে ইনোভেশন ডিজাইন অ্যান্ড এন্ট্রাপ্রেনারশিপ একাডেমি (আইডিয়া) প্রজেক্ট এবং তরুণদের প্ল্যাটফর্ম ইয়ং বাংলার যৌথ উদ্যোগে 'স্টুডেন্ট টু স্টার্টআপ : চ্যাপ্টার ওয়ান' এর দুই দিনব্যাপী অনুষ্ঠান উদ্বোধন উপলক্ষে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৬), **নিউজ টুডে** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.৮,ক.৬)।

**১৩। এবার সেইফটি পুরস্কার পাচ্ছে ২৪ কারখানা : শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী**

এবার 'পেশাগত স্বাস্থ্য ও সেইফটি উত্তম চর্চা পুরস্কার' পাচ্ছে বিভিন্ন খাতের ২৪টি কারখানা। গতকাল (২৭ এপ্রিল শনিবার) সচিবালয়ে সংবাদসম্মেলনে শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী মন্নুজান সুফিয়ান এ তথ্য জানান। চতুর্থবারের মতো দেশে জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস আজ (২৮ এপ্রিল রোববার) পালন করা হবে। দিবসটির এবারের প্রতিপাদ্য বিষয় নির্ধারণ করা হয়েছে, 'নিরাপদ কর্মপরিবেশ, টেকসই উন্নয়নের পথে বাংলাদেশ'। প্রতিমন্ত্রী আরো জানান, আজ রোববার বিকেল ৪টায় কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে দিবসটি উপলক্ষে আলোচনা অনুষ্ঠানে বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। এদিন সকাল ৭টায় ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট থেকে জাতীয় প্রেসক্লাব পর্যন্ত বর্ণাঢ্য র‌্যালি অনুষ্ঠিত হবে। সূত্র : **জনকণ্ঠ** ( পৃ.১৮,ক.৬), **সমকাল** (পৃ.১২,ক.১)।

**১৪। নৌবাহিনীর বহরে নতুন দু'টি যুদ্ধজাহাজ**

'সংগ্রাম' ও 'প্রত্যাশা' নামে নতুন দু'টি যুদ্ধজাহাজ যুক্ত হয়েছে নৌবাহিনীর বহরে। চীনে তৈরি এ জাহাজ দু'টি গতকাল (২৭ এপ্রিল শনিবার) চট্টগ্রাম নেভাল জেটিতে পৌঁছেছে। চট্টগ্রাম নৌ অঞ্চলের কমান্ডার রিয়ার অ্যাডমিরাল আবু আশরাফ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে জাহাজ দু'টিকে স্বাগত জানান। চীনে তৈরি করা যুদ্ধজাহাজ দু'টির প্রতিটি লম্বায় ৯০ মিটার, প্রস্থে ১১ মিটার। এগুলো ঘণ্টায় সর্বোচ্চ ২৫ নটিক্যাল মাইল বেগে চলতে পারে। জাহাজ দুটিতে শত্রুবিমান, জাহাজ ও স্থাপনায় আঘাত হানতে সক্ষম আধুনিক কামান, ভূমি থেকে আকাশ ও ভূমি থেকে ভূমিতে উৎক্ষেপণযোগ্য মিসাইল, অত্যাধুনিক থ্রিডি রাডার, ফায়ার কন্ট্রোল সিস্টেম, রাডার জ্যামিং সিস্টেমসহ বিভিন্ন যুদ্ধসরঞ্জাম রয়েছে। এছাড়া হেলিকপ্টার অবতরণ ও উড্ডয়নের জন্য ডেক ল্যান্ডিং এর সুবিধাও রয়েছে। সূত্র : **সমকাল** (পৃ.৪,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৫)।

**১৫। আইএস হুমকির সত্যতা যাচাই করছে সিটিটিসি**

আন্তর্জাতিক জঙ্গিগোষ্ঠী ইসলামিক স্টেট (আইএস) বাংলাদেশ ও ভারতের পশ্চিমবঙ্গে হামলার ছক তৈরি করছে, আশঙ্কাজনক এমন একটি বার্তা সবার মধ্যে ছড়িয়ে পড়েছে। এ নিয়ে জনমনে আতঙ্ক তৈরি হয়েছে। বিশেষ করে সম্প্রতি শ্রীলংকায় ভয়াবহ হামলার পরিপ্রেক্ষিতে আইএসের কথিত এ হামলার হুমকি উদ্বেগের মাত্রা বাড়িয়েছে। তবে বাংলাদেশ পুলিশের বিশেষায়িত সংস্থা কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম (সিটিটিসি) জানিয়েছে, এ হুমকির সত্যতা যাচাই করে দেখা হচ্ছে। এটি আসলেই হুমকি নাকি আতঙ্ক সৃষ্টি করতে ষড়যন্ত্রের অংশ হিসেবে কোনো পক্ষ এটি করছে, তা খতিয়ে দেখা হচ্ছে। গত ২৫ এপ্রিল বৃহস্পতিবার আইএসপন্থি 'টেলিগ্রাম' নামের একটি ম্যাসেজিং অ্যাপে প্রকাশিত পোস্টারের সূত্রের বরাত দিয়ে হামলার হুমকি সম্পর্কে গতকাল (২৭ এপ্রিল শনিবার) প্রথম খবর প্রকাশ করে ভারতীয় সংবাদমাধ্যম টাইমস অভ্ ইন্ডিয়া। সূত্র : **সমকাল** (শেষ পৃ,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

**১৬। আইনগত সহায়তা দিবস আজ**

**আজ দিবসের কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

আজ (২৮ এপ্রিল রোববার) জাতীয় আইনগত সহায়তা দিবস। এ বছর দিবসের প্রতিপাদ্য হচ্ছে 'বঙ্গবন্ধুর সোনার বাংলায় শেখ হাসিনার অবদান, বিনামূল্যে লিগ্যাল এইডে আইনি সেবাদান'। সকাল ১০টায় হোটেল ইন্টারকন্টিনেন্টালে এ দিবসের কার্যক্রম আনুষ্ঠানিক উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দেশের দরিদ্র, অসহায় ও সুবিধাবঞ্চিত নাগরিকদের সরকারি আইনি সহায়তা কার্যক্রম সম্পর্কে সচেতন করতেই দিনটি পালন করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৫), **ভোরের কাগজ** (শেষ পৃ,ক.১), **নিউ নেশন** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

**১৭। আজ জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস**

আজ জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস। ২০১৬ সাল থেকে পালন করা এ দিবসের এবারের মূল প্রতিপাদ্য 'নিরাপদ কর্মপরিবেশ, টেকসই উন্নয়নের পথে বাংলাদেশ'। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান অধিদপ্তর দিবসটি পালনে জাতীয় সংবাদপত্রে ক্রোড়পত্র প্রকাশ ছাড়াও নানা কর্মসূচি নিয়েছে। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র : **সমকাল** (পৃ.৫,ক.১), **সংবাদ** (পৃ.৪,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৩), **নিউজ টুডে** (পৃ.২,ক.৬)।

**সম্পাদকীয়**

ক. **যায়যায়দিন :** নিউজিল্যান্ড ও শ্রীলংকায় বড় ধরনের জঙ্গি হামলার ধারাবাহিকতার পরে বাংলাদেশেও জঙ্গি হামলার আশংকা করা হচ্ছে উল্লেখ করে এ ব্যাপারে কঠোর পক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

খ. **ইত্তেফাক :** বিজ্ঞান সাময়িকী ল্যানসেট বছর দুয়েক আগে এক গবেষণায় ২০১৫ সালে বিশ্বব্যাপী ৯ লাখ মানুষ বিভিন্ন প্রকার দূষণের শিকার হয়ে প্রাণ হারিয়েছে যার মধ্যে সবচাইতে বেশি মৃত্যু ঘটেছে বাংলাদেশে উল্লেখ করে সবধরনের দূষণের মাত্রা নিয়ন্ত্রণে সর্ব্বোচ্চ গুরুত্ব দেওয়ার সুপারিশ।

গ. **সমকাল :** চাঁদাবাজির কারণে ঢাকায় সবজির দাম বেড়ে যায় এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে বাজার ব্যবস্থাপনার উন্নয়নসহ বাজারের ওপর নজরদারি বৃদ্ধি করার গুরুত্বারোপ।

ঘ. **ভোরের কাগজ :** উচ্চ আদালত বিভিন্ন স্থাপনা ও ঘনবসতিপূর্ণ এলাকায় স্থাপিত মোবাইল টাওয়ারের রেডিয়েশন জনস্থাস্থ্য ও পরিবেশের ক্ষতি করছে কিনা, তা খতিয়ে দেখতে সমীক্ষা করার নির্দেশ দিয়েছে উল্লেখ করে এ নির্দেশনা আমলে নিয়ে মোবাইল ফোনের টাওয়ার জনবসতিপূর্ণ এলাকায় স্থাপন না করার আহ্বান।

ঙ. **যুগান্তর :** তীব্র গরমে ডায়রিয়ার প্রকোপ দেখা দিয়েছে উল্লেখ করে এ রোগ প্রতিরোধে সচেতন হওয়ার আহ্বান।

চ. **নিউ এজ :** আসন্ন রমজানের আগেই নিত্যপণ্যের মূল্যবৃদ্ধিরোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** অ্যান্টিবায়োটিকের যথেচ্ছ ব্যবহার রোধে কঠোর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**উপসম্পাদকীয়**

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সুন্দরবনের জীববৈচিত্র্য রক্ষায় সবাইকে সচেতন হতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **'ওষুধে ভেজাল রুখতে হবে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, খাদ্য ও ওষুধে ভেজালের বিরুদ্ধে দেশের প্রতিটি মানুষকে সোচ্চার ও সচেতন হতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা